ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং#২৩-২৬, রোড নং#৪৬, গুলশান-২, ঢাকা
www.dncc.gov.bd

নং-৪৬.১০.০০০০.০০৫.১১.০১৮.২৩-২৫৮ তারিখ: ১৬ বৈশাখ ১৪৩২ / ২৯ এপ্রিল ২০২৫

## "পুন: সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি"

স্থানীয় সরকার বিভাগের বিগত ১০ জুলাই ২০২৩ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১১.০০২.২১-৭৫৯ নম্বর স্মারকমূলে প্রাপ্ত ছাড়পত্র ও বিগত ২৫ জুলাই ২০২৪ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১১.০০২.২১-৭৩৮ নম্বর স্মারকমূলে মেয়াদ বৃদ্ধির প্রাপ্ত ছাড়পত্র এবং ০২ অক্টোবর ২০২৪ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১১.০০২.২১-৯৭১ নম্বর স্মারকমূলে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯ অনুসারে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে ২০১৫ সালের জাতীয় বেতন স্কেলে সরাসরি নিয়োগের জন্য নিমিত্ত নিম্নবর্ণিত পদের জন্য বর্ণিত শিক্ষাগত যোগ্যতা, বয়স ও শর্তাবলী অনুযায়ী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | বয়সসীমা | বেতন স্কেল (২০১৫) | নিয়োগ যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | সহকারী প্রকৌশলী (পুর)<br>Assistant Engineer (Civil) | ১০ | ৩২ বৎসর | ২২০০০-৫৩০৬০/- | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুর কৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ২. | সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>Assistant Engineer (Electrical) | ০৭ | ৩২ বৎসর | ২২০০০-৫৩০৬০/- | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিদ্যুৎ প্রকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৩. | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)<br>Assistant Engineer (Mechanical) | ০১ | ৩২ বৎসর | ২২০০০-৫৩০৬০/- | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যন্ত্র প্রকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৪. | উপ-কর কর্মকর্তা<br>(Deputy Taxation Officer) | ০৭ | ৩২ বৎসর | ২২০০০-৫৩০৬০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ৫. | কীট নিয়ন্ত্রণ কর্মকর্তা<br>(Insect Control Officer) | ০১ | ৩২ বৎসর | ২২০০০-৫৩০৬০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রাণিবিদ্যা বা কৃষি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা ডিগ্রি। |
| ৬. | ভেটেরিনারী কর্মকর্তা<br>(Veterinary Officer) | ১০ | ৩২ বৎসর | ২২০০০-৫৩০৬০/- | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পশু চিকিৎসা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) ভেটেরিনারী কাউন্সিল এর রেজিস্ট্রেশন প্রাপ্ত। |
| ৭. | উপ-সহকারী প্রকৌশলী (পুর)<br>Sub-Assistant Engineer (Civil) | ১৭ | ৩২ বৎসর | ১৬০০০-৩৮৬৪০/- | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে পুর কৌশলে ডিপ্লোমা। |
| ৮. | উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>Sub-Assistant Engineer (Electrical) | ০৪ | ৩২ বৎসর | ১৬০০০-৩৮৬৪০/- | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে বিদ্যুৎ প্রকৌশলে ডিপ্লোমা। |
| ৯. | উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)<br>Sub-Assistant Engineer (Mechanical) | ০৬ | ৩২ বৎসর | ১৬০০০-৩৮৬৪০/- | কোনো স্বীকৃত কারিগরি ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে যান্ত্রিক, পাওয়ার বা অটোমোবাইল প্রকৌশলে ডিপ্লোমা। |

CamScanner

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং#২৩-২৬, রোড নং#৪৬, গুলশান-২, ঢাকা
www.dncc.gov.bd

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:

১. ২৫/০৫/২০২৫ খ্রিঃ তারিখে সকল প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ হতে অনূর্ধ ৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা।

২. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নং ৪৬.১০.০০০০.০০৫.১১.০১৮.২৩-৮০০ তারিখ ১১/০৯/২০২৩ খ্রিঃ এর বিজ্ঞপ্তি অনুযায়ী যারা ইতোপূর্বে আবেদন করেছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

৩. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করতে হবে। মূল অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৪. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dncc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online- এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৪/০৫/২০২৫খ্রিঃ, সকাল ১০.০০ টা।

(ii) Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৫/০৫/২০২৫খ্রিঃ, বিকাল ৫.০০টা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit- এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ Pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online- এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online- এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদন পত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে User ID নম্বর লেখা থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে বিজ্ঞপ্তির ২ নং কলামের ১ হতে ৯ নং পদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা এবং টেলিটক এর সার্ভিস চার্জ ও ভ্যাট বাবদ ২৩/- (তেইশ) টাকা (অফেরতযোগ্য) সহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, **"Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: DNCC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DNCC< space>ABCDEF

Reply: Applicant's Name, Tk- 223 Will be charged as application fee. Your pin is 12345678. To pay fee Type DNCC<space>yes<space> pin and send to 16222.

CamScanner

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং#২৩-২৬, রোড নং#৪৬, গুলশান-২, ঢাকা
www.dncc.gov.bd

দ্বিতীয় SMS: DNCC <space>yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DNCC YES 12345678

Reply: Congratulations Applicant's Name, Payment Completed Successfully for DNCC Application for post.......................User ID is (ABCDEF) and password (XXXXXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dncc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS- এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে DNCC <space>Help<space>User<space>User ID and Send to 16222.
Example: DNCC Help User ABCDEF & send to 16222

(ii) Pin Number জানা থাকলে DNCC <space> Help <space> PIN <space> PIN No & Send to 16222.
Example: DNCC Help PIN 12345678 & send to 16222

ঝ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে Teletalk নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

৫. প্রার্থীর যোগ্যতা যাচাই:

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে বা বিজ্ঞপ্তিতে চাওয়া যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ কোন তথ্য প্রদান করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা নিয়োগের যেকোনো পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং ১-৫) পর্যন্ত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।

২. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

৩. কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/প্রমাণপত্র।

৪. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর অথবা প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

৫. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।

৬. Online- এ পুরণকৃত ছবিসহ আবেদনপত্রের কপি (Applicant's copy)

CamScanner

৬. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য ডিএনসিসি'র ওয়েবসাইটে পাওয়া যাবে।

৭. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৮. নিয়োগে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৯. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০. আবেদনকারীকে পরীক্ষার ফি বাবদ বিজ্ঞপ্তির ২ নং কলামের ১ হতে ৯ নং পদের জন্য Teletalk এর ২২৩/- (দুইশত তেইশ) টাকা Teletalk pre-paid mobile ব্যবহার করে প্রদান করতে হবে।

১১. লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

২৭/৪/২০২৫

মুহাম্মদ আসাদুজ্জামান
সচিব
ফোন: ৮৮৩৪৯৩০
secretary@dncc.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং # ৩/এ, ৫/এ, ৭/এ, রোড # ১৭, গুলশান, ঢাকা-১২১২।
২। বিভাগীয় প্রধান (সকল)...................................................., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল.........., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪। প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫। সচিব এর একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (বিজ্ঞপ্তিটি কমপক্ষে ০৩ (দুই)টি (২টি বাংলা ও ১টি ইংরেজি) বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। ম্যানেজার (VAS), ডিপার্টমেন্ট: মার্কেটিং এন্ড VAS, টেলিটক বাংলাদেশ লিমিটেড (এ বিজ্ঞপ্তিটি এবং অনলাইনে আবেদন করার বিস্তারিত নিয়মাবলি ওয়েবসাইটে (http://dncc.teletalk.com.bd) প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) (বিষয়টি জরুরি)]
১০। সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২ ও সাধারণ প্রশাসন শাখা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১। অফিস কপি।

CS CamScanner